গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩১.০০১.১৮-৭৭

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ এপ্রিল ২০১৮ খ্রিঃ

প্রতি : পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/কুমিল্লা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

বিষয় : ইউনিয়ন আনসার ও ভিডিপি নির্বাচন ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনে সক্ষম করে গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন আনসার ও ভিডিপি নির্বাচন ব্যবস্থাপনা প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে প্রেক্ষিতে অত্র সাথে সংযুক্ত প্রশিক্ষণ নির্দেশনা ক্রোড়পত্র "ক" অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার রেঞ্জাধীন জেলা কমান্ড্যান্টগণকে নির্দেশনা প্রদান করতে অনুরোধ করা হলো।

ইহা কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ক্রোড়পত্র-"ক"

মোহাম্মদ আসলাম সিকদার
পরিচালক (প্রকল্প প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩১.০০১.১৮-৭৭

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ এপ্রিল ২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ

১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।

২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ঐ

৩। উপ-মহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ঐ

৪। জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.... (সকল জেলা) — অবগতি ও কার্যক্রমের জন্য।

৫। অফিস/মাস্টার কপি।

পরিচালক (প্রকল্প প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা

ইউনিয়ন আনসার ও ভিডিপি নির্বাচন ব্যবস্থাপনা প্রশিক্ষণ ঃ

ক।	উদ্দেশ্য	ঃ	❑ জাতীয় সংসদ নির্বাচনে মোতায়েন যোগ্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিপুল সংখ্যক সদস্য/সদস্যাদের নির্বাচন কেন্দ্রে দায়িত্ব পালনে অধিকতর যোগ্য করে তোলা। ❑ আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে আনসার-ভিডিপি সদস্য-সদস্যাদের যথাসময়ে নির্বাচনী দায়িত্ব যথাযথ ভাবে পালন সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা। ❑ পর্যাপ্ত সক্ষমতা সহকারে নির্বাচনী দায়িত্ব পালনে প্রস্তুত করে গড়ে তোলা। ❑ সামাজিক নিরাপত্তা রক্ষায় প্রশিক্ষিত কর্মীবাহিনী সৃষ্টি করা। ❑ আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক সম্পর্কে অবহিত করা।
খ।	প্রশিক্ষণ স্থান	ঃ	উপজেলা সদরের সুবিধাজনক স্থান (উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা জেলা কমান্ড্যান্টের সাথে আলোচনা সাপেক্ষে প্রশিক্ষণ স্থান নির্ধারণ করবেন)।
গ।	প্রশিক্ষণার্থীর সংখ্যা ও কোটা	ঃ	৮০,০০০ জন। প্রতি ধাপে প্রতি ইউনিয়ন হতে ১০০ জন করে (ন্যূনতম ২৫% মহিলা সদস্য থাকতে হবে) প্রশিক্ষণ সুবিধা বিদ্যমান থাকলে প্রতিধাপে একাধিক ইউনিয়নকে অন্তর্ভূক্ত করা যাবে।
ঘ।	মেয়াদ, ধাপ ও তারিখ	ঃ	০২ কার্যদিবস। ধাপ ১৫ টি। উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা জেলা কমান্ড্যান্টের সাথে আলোচনা সাপেক্ষে নিম্নে বর্ণিত ধাপ ও তারিখ অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করবেন এবং সদর দপ্তর প্রশিক্ষণ (ভিডিপি) শাখাকে অবহিত করবেন।

১ম ধাপ ঃ	২৫/০৪/১৮ হতে ২৬/০৪/১৮ পর্যন্ত।
২য় ধাপ ঃ	০৬/০৫/১৮ হতে ০৭/০৫/১৮ পর্যন্ত।
৩য় ধাপ ঃ	০৯/০৫/১৮ হতে ১০/০৫/১৮ পর্যন্ত।
৪র্থ ধাপ ঃ	১৩/০৫/১৮ হতে ১৪/০৫/১৮ পর্যন্ত।
৫ম ধাপ ঃ	১৬/০৫/১৮ হতে ১৭/০৫/১৮ পর্যন্ত।
৬ষ্ঠ ধাপ ঃ	২০/০৫/১৮ হতে ২১/০৫/১৮ পর্যন্ত।
৭ম ধাপ ঃ	২৩/০৫/১৮ হতে ২৪/০৫/১৮ পর্যন্ত।
৮ম ধাপ ঃ	২৭/০৫/১৮ হতে ২৮/০৫/১৮ পর্যন্ত।
৯ম ধাপ ঃ	৩০/০৫/১৮ হতে ৩১/০৫/১৮ পর্যন্ত।
১০ম ধাপ ঃ	০৩/০৬/১৮ হতে ০৪/০৬/১৮ পর্যন্ত।
১১তম ধাপ ঃ	০৬/০৬/১৮ হতে ০৭/০৬/১৮ পর্যন্ত।
১২ তম ধাপ ঃ	১০/০৬/১৮ হতে ১১/০৬/১৮ পর্যন্ত।
১৩ তম ধাপ ঃ	২০/০৬/১৮ হতে ২১/০৬/১৮ পর্যন্ত।
১৪ তম ধাপ ঃ	২৪/০৬/১৮ হতে ২৫/০৬/১৮ পর্যন্ত।
১৫ তম ধাপ ঃ	২৬/০৬/১৮ হতে ২৭/০৬/১৮ পর্যন্ত।

ঙ।	প্রশিক্ষণার্থীর যোগ্যতা	ঃ	❑ ন্যূনতম ৮ম শ্রেণী পাশ। ❑ বয়স ১৮ হতে ৫০ বছর (পুরুষ)। ❑ বয়স ১৮ হতে ৪৫ বছর (মহিলা)। ❑ পুনর্গঠিত ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য-সদস্যা। ❑ ইউনিয়নের সকল গ্রামের গ্রাম দলনেতা, সহকারী দলনেতা ও দলনেত্রী।

❑ ইউনিয়নের সকল গ্রামের গ্রাম দলনেতা, সহকারী দলনেতা ও দলনেত্রী। সংশ্লিষ্ট ইউনিয়নের অস্ত্র প্রশিক্ষণপ্রাপ্ত সকল ভিডিপি সদস্য/সদস্যা। উক্ত ইউনিয়নে কোন ক্লাব/সমিতি থাকলে ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক। উপরোক্ত সদস্য-সদস্যাদের অন্তর্ভূক্তি নিশ্চিতপূর্বক কোটা পূরণের জন্য গ্রাম প্রশিক্ষণ প্রাপ্ত/ইউনিয়ন আনসার প্লাটুনভূক্ত সদস্যদের অন্তর্ভূক্ত করা যাবে। ডাটা বেইজে নাম অন্তর্ভূক্ত থাকতে/করতে হবে।

❑ শারীরিকভাবে উপযুক্ত এবং নির্বাচনী দায়িত্ব পালনে আগ্রহী হতে হবে।

❑ সাজাপ্রাপ্ত/দন্ডিত ও মামলায় জড়িত কাউকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না।

❑ স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র নিতে হবে।

❑ প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে "প্রশিক্ষণার্থী বাছাই" সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

চ। প্রশিক্ষণ বুকলেট ও সনদপত্র ঃ জেলা কমান্ড্যান্টগণ সদর দপ্তর প্রণীত প্রশিক্ষণ সংক্রান্ত বুকলেট ও সনদপত্র স্বাক্ষর করে প্রশিক্ষণার্থীকে সরবরাহ করবেন।

ছ। আর্থিক মঞ্জুরী ঃ ❑ সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টদের অনুকূলে নির্ধারিত হারে দৈনিক ভাতা ৯০/-, জনপ্রতি আনুষঙ্গিক ভাতা ১০০/-, যাতায়াত ভাতা মোট ৩০০/- জেলা ও উপজেলা পর্যায়ের ০৫ জন অতিথি বক্তা (উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং শেয়ার বিক্রি কার্যক্রমের জন্য আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা) সম্মানী ভাতা বাবদ ৫,০০০/- (১০০০/- X ৫ জন) বরাদ্দ প্রদান করা হবে। ইউএভিডিওগণ অতিথি বক্তাদের সাথে যোগাযোগ করে তাদের উপস্থিতি নিশ্চিত করবেন।

জ। বিশেষ নির্দেশাবলী ঃ <u>প্রশিক্ষণে নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর আলোকপাত করতে হবে</u> ঃ

১। ইউনিয়ন আনসার প্লাটুনের দায়িত্ব ও কর্তব্য।
২। ভিডিপি গ্রাম প্লাটুনের দায়িত্ব ও কর্তব্য।
৩। জনপ্রতিনিধিত্ব আইন ও বিধিসমূহ।
৪। ভোট পূর্ব, ভোট চলাকালীন, ভোট গণনা কালীন এবং প্রত্যাবর্তন কালীন দায়িত্ব ও কর্তব্য।
৫। ভোট কেন্দ্রে কোন অপ্রত্যাশিত ও জরুরী অবস্থায় করণীয় কর্তব্যসমূহ।
৬। নির্বাচনী দায়িত্ব সমন্বয় সংক্রান্ত নির্দেশাবলী।
৭। ভোট কেন্দ্রে করণীয় ও বর্জনীয় বিষয় সমূহ।
৮। জঙ্গীবাদ ও সন্ত্রাস রোধে সদস্য-সদস্যাদের করনীয়।
৯। বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, মানব পাচার, চোরাচালান, মাদকের অপব্যবহার ও যে কোন সামাজিক অনাচার রোধে সদস্য-সদসাদের করনীয়।
১০। দুর্যোগ মোকাবেলায় সদস্য-সদস্যাদের করণীয়।
১১। নিজ এলাকায় শান্তি শৃংখলা রক্ষায় করনীয়।
১২। আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের কার্যক্রম।

ঝ। অন্যান্য ঃ প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষণ সামগ্রী, মূল্যায়ন, পুরস্কার, সনদপত্র, আর্থিক ও অন্যান্য নির্দেশাবলী প্রণীত নীতিমালা অনুযায়ী প্রদেয়/সম্পন্ন হবে।

ঞ। নির্বাচন কর্তব্যে নিয়োগ ঃ নির্বাচন ব্যবস্থাপনা প্রশিক্ষণ ব্যতিত ও ডাটা বেইজে অন্তর্ভূক্ত নয় অত্র বাহিনীর এমন কোন সদস্য-সদস্যাকে নির্বাচনকালীন কর্তব্যে মোতায়েন করা যাবে না।

অংগীভূত সদস্য-সদস্যাগণ নির্বাচন দায়িত্ব পালনকালে জেলা কমান্ড্যান্ট স্বাক্ষরিত সনদপত্রসহ বুকলেট সাথে রাখবেন।